তারিখ
পৃষ্ঠা

# ভিসি পদে ফায়েজের নাম আসায় ছাত্র শিক্ষক মহলে বিরূপ প্রতিক্রিয়া

**স্টাফ রিপোর্টার** ॥ ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য পদে অধ্যাপক এসএমএ ফায়েজের নাম আসায় ছাত্র শিক্ষকদের মধ্যে বিরূপ প্রতিক্রিয়ার সৃষ্টি হয়েছে। ...ত্রিকায় এই সংবাদ ছাপা হবার পর বিশ্ববিদ্যালয়ের ...নক ছাত্র ও শিক্ষক জনকণ্ঠে টেলিফোন করে তাঁদের ...দ্বেগের কথা জানিয়েছেন। জামায়াত ঘেঁষা বলে

*(১১- পৃষ্ঠা.৬-এর কঃ দেখুন)*

## ভিসি পদে ফায়েজের

*(প্রথম পাতার পর)*

পরিচিত এই শিক্ষক ভিসি হলে ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরিস্থিতি আবারও নাজুক হবে বলে তাঁরা আশঙ্কা করছেন।

এসএমএ ফায়েজ শিক্ষক রাজনীতি শুরু করার পর তিনি যোগ দেন বিএনপি-জামায়াত সমর্থক সাদা প্যানেলে। বিশ্ববিদ্যালয়ের কয়েকটি নির্বাচনে ভূমিকার কারণে সাদা প্যানেলের মধ্যেই তিনি জামায়াত ঘেঁষা বলে পরিচিত হন। জামায়াতের সমর্থন ছাড়াও তাঁর পক্ষে ছাত্রদল এবং তরুণ বিএনপি নেতাদের একটি শক্তিশালী গ্রুপের সমর্থন রয়েছে। এ কারণে আনোয়ারউল্লাহ চৌধুরীর পদত্যাগের পর ভিসি পদের জন্য প্রথমেই তিনি আলোচনায় এসেছেন। '৯১ সালে বিএনপির শাসনামলে তাঁকে পিএসসির চেয়ারম্যান কর হয়েছিল। মেয়াদ শেষ হবার পর বিগত সরকারের আমলে তিনি আবার বিশ্ববিদ্যালয়ে ফিরে আসেন। বর্তমানে তিনি ব্যক্তিগত সফরে যুক্তরাষ্ট্রে অবস্থান করছেন। জানা গেছে, ভিসি পদে নিয়োগের জন্য তাঁকে যুক্তরাষ্ট্র থেকে ডেকে পাঠানো হয়েছে।